

## প্রাথমিক শিক্ষকদের বেতন স্কেল সংশোধনের দাবি

■ সমকাল প্রতিবেদক  
 প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের জন্য বাস্তবায়নাত্মক বেতন স্কেল সংশোধনের দাবি জানিয়েছেন শিক্ষকরা। গতকাল শুক্রবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে প্রাথমিক-সহকারী শিক্ষক একা পরিষদ আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে নিম্নোক্ত বক্তব্য পাঠ করেন পরিষদের আহ্বায়ক উজ্জ্বল কুমার রায়। বক্তব্য রাখেন সংগঠনের সদস্য সচিব মাহীন আলামিন, বুলনা বিভাগের সভাপতি তপন কুমার মণ্ডল, নড়াইল জেলার সভাপতি চঞ্চল শেখসহ বিভিন্ন জেলার সহকারী শিক্ষকরা। বক্তারা বলেন, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য প্রস্তাবিত বেতন স্কেল বাস্তবায়িত হলে শিক্ষকরা বড় ধরনের বৈষম্যের শিকার হবেন। প্রধান শিক্ষকের তুলনায় সহকারী শিক্ষকদের বেতন স্কেল তিন ধাপ নিচে যাবে বলেও অভিযোগ করেন তারা। সংবাদ সম্মেলনে সহকারী শিক্ষকদের বেতন স্কেল প্রধান শিক্ষকদের এক ধাপ নিচে রেখে প্রথম পদোন্নতি নিশ্চিতের দুই দফা দাবি জানানো হয়। দাবি বাস্তবায়নে আগামী ৬ ফেব্রুয়ারি বিকেল ৩টায় দেশের সব জেলায় একযোগে সহকারী শিক্ষকদের মানববন্ধন শেষে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়ার কর্মসূচি ঘোষণা করা হয়।